দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 APR 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# যশোর এমএম কলেজে ভল্ট ভেঙ্গে টাকা চুরি

**স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥** যশোর সরকারী এমএম কলেজের ভল্ট (টাকার বাক্স) ভেঙ্গে দুই লক্ষাধিক টাকা চুরি হয়েছে। রবিবার রাতে অজ্ঞাত দুর্বৃত্তরা হিসাবরক্ষকের কক্ষের জানালা ভেঙ্গে ভেতরে প্রবেশ করে টাকা চুরি করেছে। সোমবার সকাল ৯টার দিকে অফিস খোলার পর বিষয়টি জানাজানি হয়। কলেজের অধ্যক্ষ প্রফেসর মিজানুর রহমান জানান, পহেলা বৈশাখ উপলক্ষে শিক্ষকদের জন্য সম্মানী ভাতার টাকা হিসাবরক্ষকের কক্ষে রাখা ছিল।